# রাজশাহী বোর্ড-২০১৬

## অর্থনীতি-দ্বিতীয় পত্র

বিষয় কোড : ১ ১ ০

সময়-২ ঘণ্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান: ৬০

[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।]

১. সালাম আমেরিকা প্রবাসী। তার বাংলাদেশি বন্ধু জাহিদ আমেরিকা বেড়াতে গেছেন। সালাম তার বন্ধুকে বলল, আমেরিকা কত সুন্দর ও সমৃদ্ধশালী। তোমরা অনুন্নতই রয়ে গেলে। জাহিদ জবাবে বলল, বাংলাদেশের অবস্থা এখন আগের মতো নেই। বিশ্ব মন্দার পরও কৃষিক্ষেত্রে প্রবৃদ্ধি, কারিগরি জ্ঞানের প্রসার, শিক্ষার হার বৃদ্ধি হয়েছে। বৈদেশিক বাণিজ্যে ঘাটতি হ্রাস পাচ্ছে। দেশের দারিদ্র্য বিমোচনের মাধ্যমে সমৃদ্ধিশালী বাংলাদেশ গড়ার জন্য বর্তমান সরকার বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়ন করছে।

ক. প্রাকৃতিক পরিবেশ কাকে বলে? ১

খ. মূলধনের স্বল্পতাই কি অর্থনৈতিক পশ্চাৎপদতার প্রধান কারণ? ব্যাখ্যা কর। ২

গ. তুমি কি মনে কর বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ? উদ্দীপকের আলোকে যুক্তি দেখাও। ৩

ঘ. দারিদ্র্য বিমোচনে উদ্দীপকে গৃহীত সরকারি পদক্ষেপ কি যথেষ্ট বলে মনে কর? ব্যাখ্যা কর। ৪

২. GDP-তে কৃষির উপখাতের অবদানের হার (%)

| কৃষির উপখাত | ২০১১-১২ | ২০১২-১৩ | ২০১৩-১৪ |
|---|---|---|---|
| শস্য ও শাক-সবজি | ১০.০০ | ১১.০০ | ১১.৫০ |
| মৎস্য সম্পদ | ৩.০০ | ৪.০০ | ৬.০০ |

রফিক স্যার ছাত্রদের বললেন, উপরের টেবিলের দিকে তাকাও। এই তথ্য অনুযায়ী আমাদের জাতীয় আয়ে কৃষির উপ-খাতের অবদান ক্রমান্বয়ে বাড়ছে। কারণ সরকার বর্তমানে কৃষি উন্নয়নের মাধ্যমে দারিদ্র্য বিমোচন ও স্বয়ংসম্পূর্ণতা অর্জনের জন্য কৃষি ক্ষেত্রে ভর্তুকি প্রদান, ঋণ বিতরণ সহজীকরণ, কৃষিজ উপকরণ সরবরাহসহ বিভিন্ন কার্যক্রম চালিয়ে যাচ্ছে:

ক. উৎপাদন উদ্দেশ্যকে বিবেচনা করে কৃষি খামারকে কত ভাগে ভাগ করা যায়? ১

খ. যোগাযোগ ও পরিবহন ব্যবস্থার উন্নয়ন হলে কৃষি পণ্যের ন্যায্যমূল্য নিশ্চিত হবে। ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে GDP-তে শস্য ও মৎস্য খাতের অবদান দণ্ডস্তম্ভের মাধ্যমে দেখাও। ৩

ঘ. তুমি কি মনে কর, কৃষির উন্নয়নের মাধ্যমে দারিদ্র্য বিমোচন ও স্বয়ংসম্পূর্ণতা অর্জনে সরকারের গৃহীত পদক্ষেপসমূহ যথেষ্ট? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৩. রহিম সাহেব একজন প্রবাসী। তিনি আমেরিকা ও ইউরোপের বিভিন্ন দেশের বাজারে গিয়ে দেখেন বাংলাদেশের তৈরি পোশাক ও চামড়াজাত দ্রব্যের প্রতি ক্রেতাদের প্রচুর আগ্রহ। তিনি ইন্টারনেটের মাধ্যমে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো থেকে দেশীয় শিল্পের সাম্প্রতিক উৎপাদন তথ্য সংগ্রহ করেন, যা নিম্নরূপ—

| পণ্য | ২০০৯-১০ | ২০১০-১১ | ২০১১-১২ | ২০১২-১৩ |
|---|---|---|---|---|
| তৈরি পোশাক (মিলিয়ন টাকায়) | ৪০৭১ | ৪২৯০ | ৬০০০ | ৮৮০০ |
| চামড়া (মিলিয়ন বর্গমিটার) | ১০.৫০ | ১০.৬০ | ১০.৫০ | ১৯.০০ |
| চা ("০০০" মে.টন) | ৫৯.৫০ | ৬০.০০ | ৬১.০০ | ৬০.৭৫ |

রহিম সাহেব তার উদ্যোক্তা বন্ধু সেলিমের কাছে জানতে পারেন বাংলাদেশে শ্রমিকদের অদক্ষতা, রাজনৈতিক অস্থিরতা, দুর্নীতি ইত্যাদি কারণে দেশে শিল্পায়নের সম্ভাবনাকে কাজে লাগানো যাচ্ছে না।

http://teachingbd.com

ক. কুটির শিল্প কাকে বলে? ১

খ. বৃহৎ শিল্প কিভাবে বেকার সমস্যা সমাধান করতে পা র? ২

গ. উদ্দীপকের আলোকে তৈরি পোশাক, চামড়া ও া শিল্পের উৎপাদন প্রবৃদ্ধির ওপর মন্তব্য কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে চামড়া শিল্পের উন্নয়নে কি কি পদক্ষেপ গ্রহণ করা উচিত? বুঝিয়ে বল। ৪

৪. তারিক ও হাসান দুই বন্ধু। দেশের বিভিন্ন বিষয়ে আলোচনাকালে তারিক তার বন্ধুকে বলে আমাদের জেলার আয়তন ১২৩৬ বর্গকিলোমিটার। আর জনসংখ্যা ১২ লক্ষ ৬৫ হাজার। সে আরও জানায় বর্তমান জনসংখ্যা বৃদ্ধির হার অব্যাহত থাকলে আগামী ১০ বছর পর জনসংখ্যার পরিমাণ দাঁড়াবে ১৮ লক্ষ ৫৮ হাজার।

ক. আত্মকর্মসংস্থান বলতে কি বোঝ? ১

খ. মানবসম্পদ উন্নয়নের সাথে স্বাস্থ্য ও সেবার কি সম্পর্ক? ২

গ. উদ্দীপকের আলোকে তারিকের জেলার জনসংখ্যার ঘনত্ব কীভাবে নির্ণয় করবে বর্ণনা কর। ৩

ঘ. ১০ বছর পরে জনসংখ্যা বৃদ্ধির ফলে তারিকের জেলায় খাদ্য, শিক্ষা ও বাসস্থানের ওপর কি ধরনের প্রভাব পড়তে পারে বুঝিয়ে বল। ৪

৫. মুদ্রাস্ফীতির হার ও মজুরি সূচক পরিবর্তনের হার:

| বিষয় | ২০০৭-০৮ | ২০০৮-০৯ | ২০০৯-১০ | ২০১০-১১ | ২০১১-১২ | ২০১২-১৩ |
|---|---|---|---|---|---|---|
| মুদ্রাস্ফীতির হার | ১৬.৭২ | ৭.৯১ | ৬.২৫ | ১৪.১১ | ৭.৭২ | ৫.২২ |
| মজুরি সূচক পরিবর্তনের হার | ১১.৮৫ | ১৮.৯০ | ৮.১৬ | ৭.২৪ | ১১.৮৯ | ১৪.৭৩ |

কাশেম স্যার ক্লাসে এসেই উপরের টেবিলটি এঁকে তথ্যসমূহ লিখলেন। এরপর ছাত্রদের দৃষ্টি টেবিলের দিকে আকৃষ্ট করে খাদ্য নিরাপত্তার বিভিন্ন দিক আলোচনা করলেন। তিনি বলেন, বর্তমান সরকার খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে কৃষিতে ভর্তুকি প্রদান, গবেষণা জোরদার ফসলের ন্যায্যমূল্য নিশ্চিতকরণ, তথ্য ও প্রযুক্তির ব্যবহার সম্প্রসারণসহ নানাবিধ কার্যক্রম করছে।

ক. খাদ্য নিরাপত্তা বলতে কী বোঝ? ১

খ. খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে সাধারণ ভোক্তা কী ভূমিকা পালন করতে পারে? ২

গ. উদ্দীপকে খাদ্য নিরাপত্তায় খাদ্যের ক্রয়যোগ্যতা সম্পর্কে কী ধরনের নির্দেশনা পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে কোন ধরনের কার্যক্রমের ওপর সর্বাধিক গুরুত্ব দেয়া দরকার উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪

৬. হাবিব একজন গ্রাম্য কৃষক। তুষার সে গ্রামের গ্রাম্য মহাজন। হাবিব তার কৃষিকাজ পরিচালনার জন্য অ-প্রাতিষ্ঠানিক উৎস হতে ঋণ নিয়ে থাকেন। ২০১৪ সালে হাবিব প্রতিমণ আলু ৬০০ টাকা দরে ও প্রতিমণ ধান ৪০০ টাকা দরে বিক্রি করেছিলেন। ২০১৫ সালে বাজারে দাম একটু বেশি। সে আলু প্রতিমণ ৯০০ টাকা দরে ও ধান প্রতিমণ ৬০০ টাকায় বিক্রি করেন। বেশি দামে আলু ও ধান বিক্রি করতে পেরে হাবিব খুব খুশি। কিন্তু তুষারের মন বেশ খারাপ।

ক. সূচক সংখ্যা কাকে বলে? ১

খ. মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে অর্থের যোগানের পরিবর্তন আবশ্যক— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে ২০১৪ সালের ভিত্তিতে ২০১৫ সালে মুদ্রাস্ফীতির হার নির্ণয় কর। ৩

ঘ. মুদ্রাস্ফীতির ফলে হাবিব ও তুষারের মনোভাব ভিন্নরকম হওয়ার কারণ কি? ব্যাখ্যা কর। ৪

http://teachingbd.com

৭. রপ্তানি আয় মিলিয়ন ডলারে:

| পণ্যের ধরন | ২০১০-১১ | ২০১১-১২ | ২০১২-১৩ |
|---|---|---|---|
| প্রচলিত পণ্য | ১৯৪৩ | ১৮৮৪ | ২১০২ |
| অপ্রচলিত পণ্য | ২০৬৬০ | ২২০২৫ | ২৪৩৩৫ |

নাজিম স্যার অর্থনীতি ক্লাসে টেবিলটি উপস্থাপন করেন। তিনি আমদানি-রপ্তানি বিষয়ে অনেক আলোচনা করলেন। আলোচনাকালে তিনি ছাত্রদের জানান- বিশ্বায়নের ফলে আন্তর্জাতিক বাণিজ্যে বৈচিত্র্যতা এসেছে। রপ্তানিক্ষেত্রে প্রচলিত পণ্যের পাশাপাশি অপ্রচলিত পণ্যের চাহিদা প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে। এর ফলে আমাদের পণ্যের প্রকৃতি পরিবর্তনের সাথে রপ্তানি আয় বৃদ্ধি পাচ্ছে। এর প্রভাবে অর্থনৈতিক খাত সম্প্রসারিত হচ্ছে। এটা অর্থনীতির জন্য একটি ভালো দিক।

ক. অভ্যন্তরীণ বাণিজ্য কাকে বলে? ১

খ. বৈদেশিক সাহায্য আমাদের পরনির্ভরশীল করে তোলে—ব্যাখ্যা কর। ২

গ. বাংলাদেশের রপ্তানি ক্ষেত্রে প্রচলিত ও অ-প্রচলিত পণ্য রপ্তানির ওপর উদ্দীপকের আলোকে মন্তব্য কর। ৩

ঘ. দেশের অর্থনৈতিক উন্নয়নে আন্তর্জাতিক বাণিজ্য বিশেষ ভূমিকা রাখছে। নাজিম স্যারের বক্তব্যের পরিপ্রেক্ষিতে ব্যাখ্যা কর। ৪

৮. অর্থনীতি ক্লাসের এক ছাত্র শিক্ষককে জিজ্ঞেস করল, স্যার সরকার অনেক টাকা আয় করে। এত টাকা সরকার কি করে? শিক্ষক উত্তরে বললেন, সরকার তার প্রশাসনিক কাজ সঠিকভাবে পরিচালনার জন্য অনেক অর্থ ব্যয় করে। তাছাড়া অর্থনৈতিক উন্নয়নের মাধ্যমে স্বাবলম্বী দেশে পরিণত হওয়ার জন্য দুর্যোগ পরবর্তী জরুরি উন্নয়নমূলক কাজের জন্য সরকারের ব্যয় আরও বৃদ্ধি পাচ্ছে। ছাত্র আবার প্রশ্ন করে যদি সরকারের টাকা না থাকে তাহলে কাজ কিভাবে করে? শিক্ষক বললেন, সরকারের আয় দ্বারা উন্নয়নমূলক কাজের ব্যয় নির্বাহ সম্ভব না হলে সরকার বিভিন্ন উৎস হতে ঋণ নিয়ে থাকে।

ক. কর কাকে বলে? ১

খ. অর্থনৈতিক উন্নয়নর জন্য কেন শিক্ষার উন্নয়নকে গুরুত্ব দেয়া উচিত? ২

গ. উদ্দীপকের ভিত্তিতে সরকারের ব্যয় বৃদ্ধির কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর, বৈদেশিক উৎস অপেক্ষা অভ্যন্তরীণ উৎস হতে গৃহীত সরকারি ঋণ বেশি কার্যকর ও যৌক্তিক? যুক্তি দেখাও। ৪

৯. সিরাজ পরিকল্পনা মন্ত্রণালয়ের গবেষণা কর্মকর্তা। বন্ধু জাকির শিল্প মন্ত্রণালয়ে চাকরি করেন। জাকির সিরাজকে প্রশ্ন করেন, দেশের বর্তমান অর্থনৈতিক অবস্থা হতে উত্তরণের জন্য কি করা উচিত? উত্তরে সিরাজ বলল, শুধু কৃষি নিয়ে পড়ে থাকলে চলবে না। অর্থনীতির প্রতিটি খাতের জন্য সুনির্দিষ্ট লক্ষ্য স্থির করতে হবে। অতঃপর তা অর্জনের জন্য এক, পাঁচ বা দীর্ঘ সময়ে বাস্তবায়নযোগ্য উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করেত হবে। এসব পরিকল্পনা পূর্ণরূপ বাস্তবায়নের মাধ্যমে অর্থনৈতিক উন্নয়ন করা সম্ভব।

ক. আঞ্চলিক পরিকল্পনা কাকে বলে? ১

খ. দারিদ্র্য বিমোচন কর্মসূচি কিভাবে জনসংখ্যা নিয়ন্ত্রণে ভূমিকা পালন করতে পারে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে উন্নয়ন পরিকল্পনার প্রকারভেদ আলোচনা কর। ৩

ঘ. তুমি কি মনে কর, দেশের অর্থনৈতিক উন্নয়নে গৃহীত বিভিন্ন মেয়াদি পরিকল্পনার মধ্যে আন্তঃসংযোগ আবশ্যক? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪

http://teachingbd.com

# অর্থনীতি-দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ১ | ১ | ০ |

সময়-৪০ মিনিট

## বহুনির্বাচনি প্রশ্ন

পূর্ণমান: ৪০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে]

**১. সরকারের রাজস্ব ব্যয় কোনটি?**
ক) সেতু নির্মাণ খ) রাস্তা নির্মাণ
গ) কর্মচারীদের বেতন ঘ) কৃষি উন্নয়ন

**২. বাংলাদেশে কোন সময়কালে কোনো পঞ্চবার্ষিকী পরিকল্পনা গ্রহণ করা হয়নি?**
ক) ১৯৯৩-২০০০ খ) ২০০৩-২০১০
গ) ১৯৯০-১৯৯৫ ঘ) ১৯৯৭-২০০২

**৩. বাংলাদেশের সবচেয়ে বেশি বৈদেশিক মুদ্রা অর্জনকারী শিল্প কোনটি?**
ক) তৈরি পোশাক খ) পাট শিল্প
গ) চা শিল্প ঘ) চামড়া শিল্প

**৪. 'সাদা সোনা' কোনটি?**
ক) হীরক খ) তরল সোনা
গ) চিংড়ি ঘ) ব্যাঙের পা

**৫. আর্থিক প্রতিষ্ঠান কোনটি?**
ক) স্কুল খ) কলেজ গ) হাসপাতাল ঘ) ব্যাংক

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও।**

সত্তর বছরের বৃদ্ধা ছমিরন বিবি গ্রামের প্রান্তে এক কুঁড়েঘরে বাস করেন। তার পক্ষে কোনো কাজ করা সম্ভব নয়। আয় রোজগারেরও কেউ নেই। সরকার তার অবস্থার উন্নয়নে প্রয়োজনীয় সহায়তা দিচ্ছে।

**৬. ছমিরন বিবিকে সরকার কিভাবে সাহায্য করতে পারে?**
ক) চাকরি দিয়ে খ) বয়স্ক ভাতা দিয়ে
গ) গরু দিয়ে ঘ) ব্যাংক ঋণ দিয়ে

**৭. সরকারের কার্যক্রমে সরকারি ব্যয়ের কোন উদ্দেশ্য অর্জিত হবে?**
ক) সামাজিক নিরাপত্তা খ) রাজনৈতিক উদ্দেশ্য
গ) পূর্ণ নিয়োগ ঘ) শান্তি-শৃঙ্খলা

**৮. বাংলাদেশের রপ্তানি আয়ের ক্ষেত্রে পাটের জায়গা দখল করেছে কোন শিল্প?**
ক) বস্ত্র খ) প্লাস্টিক
গ) তৈরি পোশাক ঘ) চা

**৯. জ্যামিতিক হার কোনটি?**
ক) ১, ২, ৩, ৪, খ) ১, ২, ৬, ১০
গ) ১, ২, ৪, ৮ ঘ) ১, ৩, ৬, ৯

**১০. দ্রব্যমূল্যের উর্ধ্বগতিকে বলে—**
ক) মুদ্রাস্ফীতি খ) মুদ্রাসংকোচন
গ) দামস্তর ঘ) মুদ্রার অবমূল্যায়ন

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও।**

অঞ্জু ও রঞ্জু দুই ভাই। দুজনই ব্যবসায়ী। অঞ্জুর কারখানায় উৎপাদিত দ্রব্য ঢাকাসহ সারা দেশে বিক্রি হয়। রঞ্জুর কারখানায় উৎপাদিত দ্রব্য যুক্তরাজ্য ও কানাডায় বিক্রি হয়।

**১১. অঞ্জুর ব্যবসায়কে কী বলা হয়?**
ক) আন্তর্জাতিক বাণিজ্য খ) অভ্যন্তরীণ বাণিজ্য
গ) খুচরা ব্যবসা ঘ) পাইকারি ব্যবসা

**১২. রঞ্জুর ব্যবসায়ের কারণে—**
i. বৈদেশিক মুদ্রা অর্জিত হয়
ii. কূটনৈতিক সম্পর্ক জোরদার হয়
iii. বিশ্ববাজারে দেশের সম্মান বৃদ্ধি পায়

**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

**১৩. পরিবারের সদস্যদের নিয়ে যে শিল্প পরিচালিত হয় তাকে বলে—**
ক) বৃহৎ শিল্প খ) ক্ষুদ্র শিল্প
গ) কুটির শিল্প ঘ) মাঝারি শিল্প

**১৪. বিখ্যাত অর্থনীতিবিদ গুনার মিরডাল মানবসম্পদ উন্নয়নে নিম্নরূপ উপাদানের কথা উল্লেখ করেন—**
i. খাদ্য ও পুষ্টি, বস্ত্র, বাসস্থান, স্বাস্থ্য ও শিক্ষা
ii. গণসংযোগ, মাধ্যম, শক্তিভোগ ও পরিবহন
iii. সরকারি চাকরি, ব্যবসায় স্বকর্মসংস্থান

**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৫. ১০ থেকে ২৫ বছর সময়ের জন্য গৃহীত পরিকল্পনাকে বলে—**
ক) স্বল্পমেয়াদি খ) মধ্যমেয়াদি
গ) মধ্যবর্তী ঘ) প্রেক্ষিত

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও।**

দিনমজুর ময়না মিয়া বাজারে খাদ্যদ্রব্যের যথেষ্ট যোগান দেখে খুশি হয়। কিন্তু সে যে দ্রব্যই কিনেত চায় তার দামই অনেক বেশি। তাই সে খুব স্বল্প পরিমাণ দ্রব্য কিনে বাড়ি ফিরে যায়।

**১৬ ময়না মিয়ার স্বল্প পরিমাণ দ্রব্য ক্রয়ের কারণ কী?**
ক) বাজারে দ্রব্যের অভাব
খ) দ্রব্য ক্রয়ের অনিচ্ছা
গ) অর্থ ব্যয়ের অনিচ্ছা
ঘ) ক্রয় ক্ষমতার অভাব

**১৭. ময়না মিয়ার খাদ্য নিরাপত্তার নিশ্চয়তা কিভাবে করা যায়?**
i. সরকারি কর্মসূচি
ii. দ্রব্যমূল্য হ্রাস
iii. বেশি আমদানি

**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৮. মুদ্রাস্ফীতি দেখা দিলে কে ক্ষতিগ্রস্ত হয়?**
ক) উৎপাদনকারী খ) কৃষক
গ) ভোক্তা ঘ) বিক্রেতা

**১৯. বাংলার ইতিহাসে স্বর্ণযুগ কোনটি?**
ক) পালযুগ খ) মুসলিম যুগ
গ) ইংরেজ যুগ ঘ) মুঘল যুগ

**২০. বাংলাদেশে কোন ধরনের খামারের প্রাধান্য রয়েছে?**
ক) জীবন নির্বাহী খ) বহুমুখী
গ) সমবায় ঘ) যৌথ

**২১. বাংলাদেশের অর্থনীতির মালিকানাভিত্তিক খাত হচ্ছে—**
i. ব্যক্তি খাত ও রাষ্ট্রীয় খাত
ii. একমালিকানা খাত ও যৌথ মালিকানা খাত
iii. সরকারি ও বেসরকারি খাত

**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

teachingbd.com

http://teachingbd.com

২২. Biotechnology শব্দটি সর্বপ্রথম কে প্রচলন করেন?
ক) কার্ল মার্ক্স  খ) কার্ল এরিক
গ) কার্ল ফ্রেডরিক  ঘ) কার্ল থমাস

নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও।
নসফি পত্রিকার অর্থনীতির পাতায় দেখতে পেল যে বাংলাদেশ প্রতি বছরই রপ্তানির তুলনায় অনেক বেশি দ্রব্য আমদানি করছে। এতে প্রচুর বৈদেশিক মুদ্রা ব্যয় করতে হচ্ছে। সে চিন্তা করল দেশে এমন শিল্প স্থাপন করা উচিত যাতে বৈদেশিক মুদ্রা সাশ্রয় হয়।

২৩. নাসফি কোন ধরনের শিল্পের কথা চিন্তা করছে?
ক) কুটির শিল্প  খ) আমদানিমুখী শিল্প
গ) আমদানি বিকল্প শিল্প  ঘ) রপ্তানিমুখী শিল্প

২৪. নাসফির চিন্তা কার্যকর হলে—
i. বেকারত্ব হ্রাস পাবে
ii. আমদানি হ্রাস পাবে
iii. বাণিজ্য ঘাটতি বাড়বে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

২৫. কুটির শিল্পের ক্ষেত্রে—
ক) সম্পদ ১ লক্ষ টাকা ও জনবল ১০ এর কম
খ) সম্পদ ৫ লক্ষ টাকা ও জনবল ২০ এর কম
গ) সম্পদ ১ লক্ষ টাকা ও জনবল ২০ এর কম
ঘ) সম্পদ ৫ লক্ষ টাকা ও জনবল ১০ এর কম

২৬. বাংলাদেশের অর্থনীতির বৈশিষ্ট্য হচ্ছে—
i. অনুন্নত কৃষি
ii. স্বল্প মাথাপিছু আয়
iii. উচ্চ মূলধন ও বিনিয়োগ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) ii ও iii
গ) i ও iii  ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও।
বাংলাদেশে প্রত্যক্ষ ও পরোক্ষ করের সমন্বয়ে কর রাজস্বের সিংহভাগ সংগৃহীত হয়। অবশিষ্ট রাজস্ব সংগৃহীত হয় কর বহির্ভূত বিভিন্ন খাতের আদায় থেকে।

২৭. উদ্দীপকে সিংহভাগ আয়ের সবচেয়ে গুরুত্বপূর্ণ কোনটি?
ক) আবগারি শুল্ক  খ) আমদানি শুল্ক
গ) মূল্য সংযোজন কর  ঘ) রপ্তানি শুল্ক

২৮. অবশিষ্ট রাজস্বের উপাদান হলো—
i. সম্পূরক শুল্ক
ii. লভ্যাংশ ও মুনাফা
iii. প্রশাসনিক ফি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

২৯. শেয়ার বাজারে ক্রয় বিক্রয় করা হয়—
ক) প্রাথমিক শেয়ার  খ) মাধ্যমিক শেয়ার
গ) রাইট শেয়ার  ঘ) বোনাস শেয়ার

৩০. খাদ্য নিরাপত্তার দিক কয়টি?
ক) ১  খ) ২  গ) ৩  ঘ) ৪

৩১. কোনো দেশের জনসংখ্যা গণনার উৎকৃষ্ট পদ্ধতি কোনটি?"
ক) নমুনা জরিপ  খ) আদমশুমারি
গ) নিবন্ধীকরণ  ঘ) প্রাক্কলন কৌশল

৩২. VAT-এর পূর্ণরূপ কী?
ক) Value As Tax  খ) Value Accept Tax
গ) Value Added Tax  ঘ) Value And Tax

৩৩. বাংলাদেশে অপ্রচলিত রপ্তানি পণ্য কোনটি?
ক) ফার্নেস অয়েল  খ) হিমায়িত খাদ্য
গ) কাঁচা পাট  ঘ) চামড়া

৩৪. বিশ্বায়নের যুগে নতুন অর্থনীতি বিকাশে কার ভূমিকা মুখ্য?
ক) সরকার  খ) জনগণ  গ) শিক্ষা  ঘ) তথ্যপ্রযুক্তি


৩৫. মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণের উপায় হলো—
ক) ভর্তুকি বৃদ্ধি  খ) মজুরি বৃদ্ধি
গ) করহার বৃদ্ধি  ঘ) ভাতা বৃদ্ধি

৩৬. দেশের অভ্যন্তরের উৎপাদিত ও ব্যবহৃত দ্রব্যের ওপর কোন ধরনের কর আরোপ করা হয়?
ক) সম্পূরক শুল্ক  খ) বিক্রয় কর
গ) রপ্তানি শুল্ক  ঘ) আবগারী শুল্ক

৩৭. নিরাপদ খাদ্যের প্রধান অন্তরায় কোনটি?
ক) খাদ্যের স্বল্পতা  খ) ভেজাল প্রবণতা
গ) দাম বৃদ্ধি  ঘ) সচেতনতার অভাব

৩৮. ল্যাটিন Finis শব্দের অর্থ—
ক) অর্থ সংগ্রহ করা  খ) অর্থ ব্যয় করা
গ) শেষ করা  ঘ) আয় করা

নিচের চিত্রটি লক্ষ করো এবং ৩৯ ও ৪০ নং প্রশ্নের উত্তর দাও।




৩৯. চিত্রটি কোন তত্ত্বের সাথে সম্পর্কিত?
ক) জনসংখ্যা উন্নয়ন তত্ত্ব
খ) ম্যালথাসের জনসংখ্যা তত্ত্ব
গ) কাম্য জনসংখ্যা তত্ত্ব  ঘ) জনমিতি তত্ত্ব

৪০. প্রত্যাশিত জনসংখ্যা স্তর হচ্ছে—
ক) OM  খ) ON  গ) PM  ঘ) OS

**উত্তর**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | খ | ৩ | ক | ৪ | গ | ৫ | ঘ | ৬ | খ | ৭ | ক | ৮ | গ | ৯ | গ | ১০ | ক | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | ঘ | ১৬ | ঘ | ১৭ | ঘ | ১৮ | গ | ১৯ | খ | ২০ | ক |
| ২১ | খ | ২২ | খ | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | ঘ | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | ঘ | ২৯ | খ | ৩০ | গ | ৩১ | খ | ৩২ | গ | ৩৩ | খ | ৩৪ | ঘ | ৩৫ | গ | ৩৬ | ঘ | ৩৭ | ঘ | ৩৮ | ক | ৩৯ | গ | ৪০ | ক |

http://teachingbd.com